



গণজাপ্রতী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
Dinajpur Govt. College, Dinajpur
www.dgc.edu.bd
স্থাপিত: ১৯৪২ খ্রিস্টাব্দ

E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞাপ্তি নম্বর: ৬৬৯

তারিখ: ১১ ডিসেম্বর ২০২৫

বিষয়: স্নাতক (পাস ও অনার্স) শ্রেণীতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা ২০২৫-২৬ অর্থবছরের অনলাইন আবেদন দাখিল প্রসঙ্গে
সূত্র: স্মারক নং-৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২০.৩৭

তারিখ: ১১ ডিসেম্বর ২২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্নাতক (পাস ও অনার্স) শ্রেণীতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে প্রধানমন্ত্রী সহায়তা ট্রাস্টে কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে ভর্তি সহায়তা প্রদান করা হবে।

অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসারে ২০২৫-২৬ অর্থবছরে ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/admission> এ লিংকে প্রবেশ করে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে ০৭/১২/২০২৫ থেকে ৩০/১২/২০২৫ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্রাদি/পদ্ধতি:

১। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে কর্তৃক ওয়েবসাইটের ভর্তি সহায়তা সেবা বক্সে আপলোডকৃত নির্ধারিত ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণ করে আবেদন করতে হবে।

২। প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বয়ংশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয়বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৩ থেকে ২০ তম গ্রেডের সকল কর্মচারী সন্তানগণকে আবেদনপত্রের সাথে অফিস কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অবিভাবকের বেতন গ্রেড সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্তি হিসেবে আপলোড করতে হবে। এছাড়া অন্যান্য শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পিতা/মাতা অবিভাবকের বাৎসরিক দুই লক্ষ টাকার কম প্রত্যয়নপত্র আপলোড করতে হবে।


৩। প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গন পরিবারের সন্তান, অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানগণ ভর্তি সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্তির স্বপক্ষে প্রমাণপত্র আপলোড করতে হবে।

৪। স্নাতক (পাস ও অনার্স) শ্রেণীতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার আবেদনের সাথে সর্বশেষ যে শ্রেণী বা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তার (এইচএসসি/সমমান পরীক্ষায়) সত্যায়িত নম্বরপত্র সংযুক্ত করতে হবে।


৫। উল্লেখ্য যে, ভর্তি সহায়তা প্রদানের নিত্যক শিক্ষার্থী কর্তৃক সফটওয়্যারে একাউন্ট নম্বর হিসাবে এন্ট্রির ক্ষেত্রে অবশ্যই শিক্ষার্থী/পিতা/মাতার নিজ ব্যাংক একাউন্টের পূর্ণাঙ্গ নম্বর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের যে কোনো একাউন্ট নম্বর এন্ট্রির করা যাবে। ব্যাংক একাউন্টের প্রমাণক হিসেবে চেকের ভিতরের পাতা/ব্যাংক স্টেটমেন্টের তথ্য এবং মোবাইল একাউন্ট নম্বরের ক্ষেত্রে একাউন্ট নম্বর এর KYC আপডেট বা একাউন্ট নম্বর সচল রয়েছে মর্মে তথ্যের স্পষ্ট হার্ড কপি আবশ্যিকভাবে অনলাইনে আপলোড করতে হবে। শিক্ষার্থী বা পিতা/মাতার একাউন্ট নম্বর ব্যতীত অন্য কারো ব্যাংক/ মোবাইল একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না, তবে পিতা উভয়ের মৃত্যু অবর্তমানে আইনগত অবিভাবকের একাউন্ট নম্বর এক্ষেত্রে বিবেচনায় নেয়া হবে। কার্যক্রমটি সম্পূর্ণ অনলাইনভিত্তিক হওয়ায় আবেদনের কোনো হার্ড কপি প্রেরণের প্রয়োজন নেই।

৬। অত্র কলেজের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মো: আবুল কালাম আজাদ -এর নিকট এককপি ফটোকপি জমা দেয়ার জন্য বলা হলো।

প্রতিষ্ঠান


(অফিসের মো: লুৎফের রহমান)
অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


15.12.2025
(মো: কাজিম আলী)
আহ্বায়ক

বৃত্তি ও অনুদান কমিটি (স্নাতক (পাস)/স্নাতক (সম্মান))
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতিওকার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
- বিভাগীয় প্রধান সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
- আহ্বায়ক, বৃত্তি ও অনুদান কমিটি (স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)), দিনাজপুর সরকারি কলেজ